

অন্যাম্যভাবে তামাক, ভেপিং বা তামাকবিহীন ধূমপান পণ্য বিক্রি করার জন্য নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের শাস্তি

শাস্তি প্রক্রিয়া

- নিউ ইয়র্ক সিটি (NYC) ভোক্তা ও কর্মচারী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) এবং NYC-র অর্থ বিভাগ (Department of Finance, DOF) নিয়মিতভাবে এটা নিশ্চিত করতে খুচরা বিক্রেতাদের কাছে যায় যে, তারা স্টেট এবং স্থানীয় আইন অনুসরণ করছে।
- এসব পরিদর্শনের কোনোটিতে আপনার ব্যবসা প্রতিষ্ঠানকে তামাক এবং সম্পর্কিত পণ্য আইন লঙ্ঘন করতে দেখলে আপনি লঙ্ঘনের নোটিশ পাবেন এবং শুনানির জন্য প্রশাসনিক মোকদ্দমা ও শুনানি দপ্তর (Office of Administrative Trials and Hearings, OATH) –এ উপস্থিত হতে হবে।
- আপনার শুনানিতে আপনি লঙ্ঘন স্বীকার করলে বা দোষী সাব্যস্ত হলে আপনার ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা করা হবে। শাস্তি সময়সূচীটি nyc.gov/dcwppenalties এ উপলব্ধ আছে।

লঙ্ঘনের জন্য সম্ভাব্য শাস্তি

	NYC তামাক পণ্য নিয়ন্ত্রণ আইন (Tobacco Product Regulation Act, TPRA) লঙ্ঘন		নিউ ইয়র্ক স্টেট (NYS) কিশোর/কিশোরীদের তামাক ব্যবহার প্রতিবোধ আইন (Adolescent Tobacco Use Prevention Act, ATUPA) লঙ্ঘন	
	প্রথম লঙ্ঘন	দ্বিতীয় ও পরবর্তী লঙ্ঘনসমূহ	প্রথম লঙ্ঘন	দ্বিতীয় ও পরবর্তী লঙ্ঘনসমূহ
লঙ্ঘন প্রতি জরিমানা	সর্বোচ্চ \$1,000	সর্বোচ্চ \$2,000	\$300 থেকে \$1,500	\$500 থেকে \$2,500
গন্ধযুক্ত ভ্যাপার পণ্যের পৃথক প্যাকেজ প্রতি জরিমানা	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	\$100	\$100
লঙ্ঘন প্রতি সারচার্জ	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	\$250	\$250
দোকান বন্ধ	না	হ্যাঁ	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়
তামাক বা ই-সিগারেটের লাইসেন্স বা নিবন্ধন বাতিল	না	হ্যাঁ	না	হ্যাঁ
লটারির লাইসেন্স বাতিল	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	না	হ্যাঁ
আপনার তামাক বা ভেপার নিবন্ধন বা লটারির লাইসেন্স সম্পর্কিত পয়েন্ট (আরো জানতে নিচে NYS পয়েন্ট ব্যবস্থা দেখুন।)	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	লঙ্ঘন প্রতি দুই পয়েন্ট	লঙ্ঘন প্রতি দুই পয়েন্ট

দ্রষ্টব্য: লাইসেন্স ছাড়া পণ্য বিক্রি করার মতো লঙ্ঘন জনিত অপকর্মের ক্ষেত্রে অপরাধমূলক শাস্তিসহ অতিরিক্ত জরিমানা প্রযোজ্য হতে পারে। একই লঙ্ঘনের জন্য আপনাকে NYC TPRA এবং NYS ATUPA উভয় আইনে জরিমানা করা হতে পারে। দোকান বন্ধ বা বিভিন্ন ধরনের লাইসেন্স বাতিলের বিষয়টি স্থায়ী বা অস্থায়ী হতে পারে। আপনার নিবন্ধন বা লাইসেন্স ইতোমধ্যে প্রত্যাহার করা হলে লঙ্ঘনের ক্ষেত্রে আরো গুরুতর জরিমানা প্রযোজ্য হতে পারে।

NYS পয়েন্ট ব্যবস্থা: অপ্রাপ্তবয়স্কদের কাছে বিক্রয়ের মাধ্যমে লঙ্ঘন

NYS ATUPA আইনের অধীনে 21 বছরের কম বয়সী কারো কাছে তামাকজাত দ্রব্য, ভেপার সিগারেট বা ভেপার পণ্য বিক্রি করে এমন ব্যবসা প্রতিষ্ঠানের জন্য লঙ্ঘন পয়েন্ট ব্যবস্থা রয়েছে। 21 বছরের কম বয়সী কারো কাছে প্রতিটি বিক্রয়ের জন্য দুটি পয়েন্ট জারি করা হয়। (বিক্রয়কারী কর্মচারী NYS তামাক বিক্রয় প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করলে এটি শুধুমাত্র এক পয়েন্ট হবে।) এসব পয়েন্ট দোকানের রেকর্ডে থাকে তিন বছরের জন্য এবং জরিমানার কারণ হতে পারে:

- যেকোনো পয়েন্ট:** প্রতি বছর অন্তত দুটি পুনঃনিরীক্ষণ করে দেখা হয় যে আপনার ব্যবসার রেকর্ডে পয়েন্ট রয়েছে কিনা।
- তিন বা বেশি পয়েন্ট:** তামাক এবং ভেপার পণ্য বিক্রি করার ক্ষেত্রে NYS নিবন্ধন, সেই সাথে আপনার NYS লটারি লাইসেন্সের এক বছরের স্থগিতাদেশ। স্থগিতাদেশ শেষ হওয়ার পর, তিন পয়েন্ট সরিয়ে নেওয়া হবে।

NYS ATUPA আইন এবং জরিমানা সম্পর্কে আরো তথ্যের জন্য health.ny.gov দেখুন এবং "A Guide for Retail Tobacco and Vapor Product Dealers" (খুচরা তামাক ও ভ্যাপার পণ্য ব্যবসায়ীদের জন্য নির্দেশিকা) লিখে খুঁজুন।